কিডস, কিন্ডারগার্টেনের সূচকের বর্ণনা
আর্লিংটন পাবলিক স্কুলস কিন্ডারগার্ডেনের অগ্রগতির প্রতিবেদন পত্র

কিন্ডারগার্টেনের অগ্রগতির প্রতিবেদন পত্রের জন্য মার্কিং সংকেত	
M- 'মিটিং' অর্থাত মেটায়	সন্তান নিয়মিতভাবে আচরণ বা দক্ষতা মেটায় শিক্ষার্থী স্বতন্ত্রভাবে মূল ধারণা এবং দক্ষতা প্রদর্শন করে
P- 'প্রগ্রেসিং' অর্থাত অগ্রগতি করেছে	সন্তান একটি আচরণ বা দক্ষতা অর্জনের প্রক্রিয়ার মধ্যে আছে শিক্ষার্থী অনিয়মিতভাবে মূল দক্ষতা, কৌশল অথবা ধারণা প্রদর্শন করে বা ব্যবহার করে শিক্ষার্থী আংশিকভাবে প্রমিতমান মেটাতে পারে
B- 'বিগিনিং' অর্থাত শুরু করেছে	সন্তান একটি আচরণ বা দক্ষতা প্রদর্শন করা শুরু করেছে শিক্ষার্থী ধারণা এবং দক্ষতাগুলি বোঝা শুরু করেছে এবং এই কাজগুলো সম্পন্ন করার জন্য শিক্ষকের কাজ থেকে শিক্ষার্থীর সহায়তার প্রয়োজন
N- 'নট ইয়েট' অর্থাত এখনো নয়	সন্তান এখনো আচরণ বা দক্ষতা প্রদর্শন করছে না
NI- 'নট ইনট্রোডিউসড' অর্থাত প্রচলন করা হয় নাই	দক্ষতার প্রচলন এখনো করা হয় নাই।

প্রতিবেদন পত্রের সূচক বামদিকে তালিকাভুক্ত করা হয়েছে, এবং সূচকের বর্ণনা ডান দিকে তালিকাভুক্ত করা হয়েছে।

সামাজিক বিকাশ	সূচকের বর্ণনা
শেখার জন্য আগ্রহ দেখায়	প্রশ্ন জিজ্ঞাসা করে জ্ঞান ভাগাভাগি করে এবং শ্রেণির কার্যক্রমে আগ্রহ দেখায়
নতুন নতুন জিনিষ চেষ্টা করে দেখার ইচ্ছা প্রকাশ করে	স্কুলের নতুন অভিজ্ঞতাকে ইতিবাচকভাবে গ্রহণ করে
গ্রুপের কার্যক্রমে অংশগ্রহণ করে	পুরো গ্রুপের অথবা ছোট গ্রুপের কার্যক্রমে অংশ নেয়
অন্যদের প্রতি দয়া ও আগ্রহ দেখায়	অন্যদের উদ্বেগ শোনে এবং অন্যদের প্রতি উদ্বেগ দেখায়; প্রয়োজনে অন্যদের সাহায্য করে; স্কুল কম্যুনিটিতে ইতিবাচকভাবে অবদান রাখে
অন্যদের সাথে সহযোগিতা ও সমস্যা সমাধান করে	পূর্ণবয়স্ক কারো ন্যুনতম সহযোগিতায় যথাযথ এবং ইতিবাচক ভাষা এবং আচরণ প্রয়োগ করে।; ভাগ করে এবং পালা করে কাজ করে অন্যদের অধিকারের মর্যাদা দেয়
দায়িত্ব গ্রহণ করে	ব্যক্তিগত জিনিষের যত্ন নেয়; নিয়ম অনুসরণ করে, সততা বজায় রাখে, কর্তৃত্ব মেনে নেয় এবং একজনের ব্যক্তিগত কাজ কিভাবে অন্যের উপর প্রভাব ফেলে সে বিষয়ে সচেতনতা

কাজের অভ্যাস	সূচকের বর্ণনা
নিজের আচরণ পর্যবেক্ষণ করে	যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করে; আবেগ নিয়ন্ত্রণ করে; নিজের এবং অন্যের প্রতি শ্রদ্ধা দেখায় এবং সব সময়ই সর্বোত্তম প্রচেষ্টা প্রয়োগ করে
শ্রেণিকক্ষের উপকরণের যথাযথ ব্যবস্থাপনা করে	শ্রেণিকক্ষের এবং স্কুলের উপকরণগুলির সঠিক উদ্দেশ্যে ব্যবহার করে

শ্রেণির রুটিন এবং নিয়ম মেনে চলে	শ্রেণি কক্ষের এবং স্কুলের পদ্ধতি এবং নিয়ম মেনে নেয় এবং অনুসরণ করে
পরিবর্তন এবং স্থানান্তর প্রক্রিয়াকে মোকাবিলা করে	রুটিন এবং/অথবা সময়সূচীর পরিবর্তনকে গ্রহণ করে নেয়; শান্তভাবে এক কার্যক্রম থেকে অপর কার্যক্রমে যায়
বহু-ধাপভিত্তিক নির্দেশনা অনুসরণ করে	ন্যুনতম ৩ ধাপভিত্তিক নির্দেশনার প্রতি যথাযথভাবে সাড়া দেয়
সমস্যা সমাধানে কৌশল প্রয়োগ করে	সমস্যাজনিত পরিস্থিতির সংশোধনে সক্রিয় বা মৌখিক পন্থা খুঁজে বের করে নেয়
স্বতন্ত্রভাবে কাজ করে	কাজের জন্য নিজেকে প্রস্তুত করে; কাজে উপস্থিত থাকে; বেঁধে দেওয়া সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন করে; এমন একটি ফলাফল উৎপন্ন করে যেটি সময় এবং প্রচেষ্টা প্রদর্শন করে
একটি সময়ব্যাপী একটি কাজের উপর মনোযোগ নিবিষ্ট রাখে	একটি কার্যক্রমের জন্য দৃষ্টি নিবদ্ধ রাখে; কাজ সম্পূর্ণ করার জন্য সহিষ্ণুতা গড়ে তোলে
গ্রুপে শিক্ষানির্দেশনার সময় মনোযোগ সহকারে শ্রবণ করে	কাহিনী, আলোচনা এবং/বা নির্দেশনা চলাকালে অন্যদের মনোযোগ নষ্ট না করে উপস্থিত থাকার সামর্থ্য প্রদর্শন করে
শ্রেণিকক্ষের হাতিয়ার ব্যবহার করতে সক্ষম	বয়সোপযোগী যথাযথ সূক্ষ্ম স্নায়বিক দক্ষতা (ড্রয়িং-এ রং করা, কাটা, আঠা লাগানো, এবং প্রিন্ট করা) প্রয়োগ করে এবং পেনসিল সঠিকভাবে ধরতে পারে
স্বতন্ত্রভাবে স্ব-সাহায্যের কাজ সম্পন্ন করে	শারীরিক চাহিদা এবং ব্যক্তিগত জিনিষের উপর নজর রাখে; বোতাম লাগানো, জিপ ধরা এবং বাঁধার প্রচেষ্টা চালায়

ভাষা এবং স্বাক্ষরতা

মৌখিক ভাষা	সূচকের বর্ণনা
আলোচনা ও আলাপের অর্থ বোঝার জন্য শোনে	প্রশ্ন জিজ্ঞাসা করে; গল্প অভিনয় করে দেখায়; অমৌখিক যোগাযোগ এবং/অথবা আলোচনার মাধ্যমে জ্ঞান দেখায়
অন্যান্যদের সাথে যোগাযোগ করার জন্য কার্যকরভাবে ভাষা ব্যবহার করে	পূর্ণ বাক্য ব্যবহার করে কথা বলে; চিন্তাভাবনা এবং অনুভূতি সহজেই বোধগম্যভাবে প্রকাশ করতে পারে
গ্রুপের আলোচনায় অবদান রাখে	অবহিত করার জন্য, বোঝানোর জন্য এবং ব্যক্তিগত ধারণা প্রকাশ করার জন্য যথাযথ ভাষা ব্যবহার করে

শব্দ জ্ঞান	সূচকের বর্ণনা
ছন্দযুক্ত শব্দ তৈরী করে	একটি শব্দ দেওয়া হলে ছন্দযুক্ত আরেকটি শব্দ তৈরী করে
শব্দের মধ্যে আওয়াজ শুনে এবং চিহ্নিত করে	শুরু এবং শেষ অবস্থানে অক্ষরের আওয়াজকে অক্ষরের চিহ্নের সাথে মিল করে
বড় হাতের এবং ছোট হাতের অক্ষর চিনে এবং চিহ্নিত করে	অক্ষরগুলির মধ্যে মিল ও অমিল দেখে; সকল বড় এবং ছোট হাতের অক্ষর মেলায় ও চিহ্নিত করে
অক্ষরের আওয়াজ চেনে এবং উচ্চারণ করে	বর্ণমালার যে কোন অক্ষর এবং ডিগ্রাফ অর্থাত দ্বি-অক্ষর (ch, wh, sh, th) উচ্চারণ করে

পঠন	সূচকের বর্ণনা
পাঠ্যবিষয়ের সাথে ব্যক্তিগত অভিজ্ঞতার সম্পর্ক স্থাপন করে	নিজের সাথে কবিতা বা গল্পের সংযোগ তৈরী করে

কল্পকাহিনী এবং অকল্পকাহিনীর বিবরণ স্মরণ করে	কল্পকাহিনী এবং অকল্পকাহিনীর চরিত্র, কর্ম, ঘটনা এবং চিন্তাধারণা সম্পর্কে প্রশ্নের উত্তর দেয়
ছাপার ধারণা সম্পর্কে জ্ঞান প্রদর্শন করে	পুস্তকের সম্মুখ ও পশ্চাদ্ভাগ চিহ্নিত করে, বাম থেকে ডানে যায়, ছাপা এবং ছবির মধ্যে ভেদাভেদ করে এবং অক্ষর ও শব্দের মধ্যে পার্থক্য বোঝে
কথার শব্দের সাথে লিখিত শব্দ মেলায় (একটার সাথে একটা করে)	লিখিত বিষয় পাঠ করার সময় শব্দ দেখায়; একটি বাক্যে নির্দিষ্ট শব্দ খুঁজে বের করে
সহজ বহুল ব্যবহৃত শব্দ পড়ে এবং লিখে	নিজের নাম এবং কিছু কিছু সহপাঠীর নাম চিনতে পারে; পরিবেশগত ছাপাসহ সাধারণভাবে ব্যবহৃত শব্দ পড়া শুরু করে
অনুমানযোগ্য, পরিচিত এবং উদঘাটনযোগ্য লেখা স্বতন্ত্রভাবে পড়ে	অনুমানযোগ্য এবং পুনরাবৃত্তিমূলক ভাষার বিন্যাসের অনেক বই পাঠ করে

লেখা	**সূচকের বর্ণনা**
চিন্তা এবং ভাবনা কাগজে তুলে ধরে	একটি ভাবনা প্রকাশ করার জন্য বিস্তারিত বিবরণের ছবি তুলে ধরে; অভিজ্ঞতা, কাহিনী, মানুষ, বস্তু বা ঘটনা সম্পর্কে লেখার জন্য অক্ষর এবং ধ্বনিতাত্ত্বিক বানান-করা শব্দ ব্যবহার করে
বৈচিত্র্যপূর্ণ উদ্দেশ্যের জন্য লেখে	জার্নাল, অকল্পকাহিনী, তালিকা, কার্ড, গল্প, লগ ইত্যাদি লেখে
একই বিষয়ের উপরে বেশ কিছু বাক্য লেখে	একটি চিন্তা বা ভাবনাকে কেন্দ্র করে দুই থেকে তিনটি বাক্য রচনা করে

গাণিতিক চিন্তাভাবনা

সংখ্যা এবং সংখ্যা জ্ঞান	
সংখ্যার ধারাবাহিকতার একটি জ্ঞান প্রদর্শন করে	একটি সেটের মধ্যে (পনেরো পর্যন্ত) জিনিষের সংখ্যা মৌখিকভাবে গোনে; প্রযোজ্য সংখ্যা বেছে নেয় এবং লিখে; ১০০ পর্যন্ত সামনের দিকে আর ১০ পর্যন্ত পিছনের দিকে গোনে; ৫ আর ১০ করে ১০০ পর্যন্ত গুনতে গিয়ে ধারাটি চিনতে পারে
বেশি, কম অথবা সমান পরিমাণ বস্তু নিয়ে গঠিত সেট চিহ্নিত করে এবং তৈরী করে	১-এর সঙ্গে অপর ১-টি খাপ খাইয়ে, একটি সেটের প্রত্যেকটি সদস্যের সাথে আরেকটি সেটের প্রতিটি সদস্যকে মেলায়; বেশি, কম ও একই পরিভাষাগুলি ব্যবহার করে ১৫ বা তার চেয়ে কম বস্তু বিশিষ্ট দুটি সেটের তুলনা ও বর্ণনা করে
বস্তু ব্যবহার করে নানাভাবে একটি সংখ্যার (১৫ পর্যন্ত) মডেল দেখায়	একটি নির্দিষ্ট সংখ্যাকে দেখানোর জন্য নানা ধরণের পন্থা ব্যবহার করে (এক হাতের ৫টি আঙ্গুল, পাঁচটি ট্যালি চিহ্ন, ৫টি বস্তু যেমন ২টিলাল এবং ৩টি নীল, ইত্যাদি)
অবস্থানবাচক সংখ্যা ব্যবহার করে একটি বস্তুর অবস্থান চিহ্নিত করে।	প্রথম থেকে তৃতীয় পর্যন্ত, বাম থেকে ডানে, উপর থেকে নীচে, এবং/অথবা নিচ থেকে উপরে অবস্থিত একটি বস্তুর অবস্থান চিহ্নিত করে

হিসাব এবং প্রাক্কলন	
দশটি পর্যন্ত সুনির্দিষ্ট জিনিষ ব্যবহার করে দুইটি পূর্ণ সংখ্যার যোগ ও বিয়োগ করে	যোগফল নির্ধারণ করার জন্য সেট একত্রিত বা যোগ করে; বিয়োগফল নির্ধারণ করার জন্য একটি সেট থেকে সেটের অংশটি সরিয়ে নেয় বা আলাদা করে নেয়। মডেলিং এবং বিভিন্ন ধরণের সমস্যা সমাধানের কৌশল ব্যবহার করে।

মাপ	
পরিমাপযোগ্য বৈশিষ্ট্যগুলি যেমন দৈর্ঘ্য, ওজন, সময় এবং তাপমাত্রা চিহ্নিত করে এবং বর্ণনা করে	মাপার যন্ত্র, যেমন দৈর্ঘ্য (রুলার), ওজন (স্কেল), সময় (ঘড়ি : ডিজিটাল এবং অ্যানালগ; ক্যালেণ্ডার: দিন, মাস ও মরশুম) এবং তাপমাত্রা (থার্মোমিটার) চিহ্নিত করে
পেনি, নিকেল, ডাইম ও কোয়ার্টার, এবং এদের মান চিহ্নিত করে	একটি পেনি, নিকেল, ডাইম ও কোয়ার্টার চিনতে পারে; পেনি এবং/অথবা নিকেলের ১০ সেন্ট অবধি সংগ্রহের মূল্য নির্ধারণ করে

জ্যামিতি	
দ্বিমাত্রিক আকার চেনে, আঁকে এবং বর্ণনা করে, এবং তাদের আয়তন তুলনা করে	বৃত্ত, ত্রিভুজ, বর্গ এবং আয়তক্ষেত্র চেনে এবং আঁকে; বাহু এবং কোণের সংখ্যাসহ এই সকল চিত্রের বৈশিষ্ট্যের বর্ণনা দেয়; এই চিত্রগুলিকে তাদের তুলনামূলক আয়তন এবং আকার অনুযায়ী তুলনা করে এবং গ্রুপে সাজায়; জায়গাটাতে তাদের অবস্থান এবং দিকনির্দেশনা যেমনটাই হোক না কেন। উপরে, নিচে এবং এরপরে – এই কথাগুলি ব্যবহার করে বস্তুর আপেক্ষিক অবস্থান বর্ণনা করে

সম্ভাবনা এবং পরিসংখ্যান	
গ্রাফে প্রদর্শন করা উপাত্ত সংগ্রহ করে (গণনা এবং ট্যালির মাধ্যমে), গোছায় এবং প্রশ্নের উত্তর দেয়।	ট্যালি, পিক্টোগ্রাফ, বারগ্রাফ অথবা টেবিল ব্যবহার করে উপাত্ত গোছায়, প্রদর্শন ও ব্যাখ্যা করে

ধারা, ফাংশন এবং বীজগণিত	
বস্তু সাজায় এবং সাজানোর নিয়ম ব্যাখ্যা করে	বৈশিষ্ট্যের ভিত্তিতে বস্তুকে যথাযথ গ্রুপে সাজায়; বস্তুর সেটকে একটি বৈশিষ্ট্যের ভিত্তিতে তিনটি গ্রুপে শ্রেণীবিভক্ত করে (উদাহরণ- আয়তনের ক্ষেত্রে ছোট, মাঝারি, এবং বড়)
সুনির্দিষ্ট বস্তু ব্যবহার করে ধারা চিহ্নিত, বর্ণনা, সম্প্রসারণ এবং সৃষ্টি করে	সাধারণ কোন বস্তু, আওয়াজ এবং/অথবা গতি ব্যবহার করে মৌলিক পুনরাবৃত্তিশীল ধারা (একক) পর্যবেক্ষণ, বর্ণনা, সৃষ্টি এবং সম্প্রসারণ করে

সমাজপাঠ, বিজ্ঞান এবং প্রযুক্তি

সমাজপাঠ	
ঐতিহাসিক ঘটনা, ব্যক্তি এবং কাহিনীর উদাহরণ চেনে	ঐতিহাসিক ঘটনা (থ্যাংসগিভিং ডে ইত্যাদি), ব্যক্তি (মার্টিন লুথার কিং, জর্জ ওয়াশিংটন এবং আব্রাহাম লিঙ্কন, পোকাহোন্টেস, পাভাটান ইত্যাদি) এবং অন্যান্য আমেরিকান কাহিনী ও উপাখ্যান চিহ্নিত করে
হুবহু এবং আপেক্ষিক অবস্থান দেখানোর জন্য মানচিত্র এবং গ্লোব ব্যবহার করে	বোঝে যে একটি মানচিত্র হচ্ছে জায়গার একটি চিত্র যা দিয়ে জিনিষের অবস্থান দেখানো হয় এবং একটি গ্লোব হচ্ছে পৃথিবীর গোলকীয় একটি মডেল

বুঝে যে মানুষ কাজ অর্থ এবং চাহিদার বিষয়ে অর্থনৈতিক সিদ্ধান্ত গ্রহণ করে	মানুষ যে কাজ করে তার সহজ বর্ণনার সাথে সেই কাজের নাম মিলিয়ে দেখে; বোঝে যে মানুষ সিদ্ধান্ত বেছে নেয় কারণ তারা চাহিদার সব কিছুই পেতে পারে না

বৈজ্ঞানিক চিন্তা	
সক্রিয় অনুসন্ধানের মাধ্যমে প্রশ্নের উত্তর খোঁজে	অন্বেষণের মাধ্যমে (চুম্বক, পদার্থ, জীবন্ত বস্তু, পানি, রিসাইক্লিং ইত্যাদি) প্রশ্নের উত্তরে পন্থা খুঁজে নেয়
তথ্য সংগ্রহ, পর্যবেক্ষণ করার জন্য অনুভূতি এবং বৈজ্ঞানিক হাতিয়ার ব্যবহার করে, এবং তুলনা তুলে ধরে	দৃষ্টি, শব্দ, স্পর্শ, গন্ধ ও স্বাদ ব্যবহার করে যা দেখা গেছে তার বর্ণনা দেয়; ম্যাগনিফায়ার, থার্মোমিটার আর ওজনমাপক ব্যবহার করে। মিল এবং অমিল বর্ণনা করে (ছায়া, আবহাওয়া, ধারা এবং চক্র, জীবন্ত বস্তু, সময়ের সাথে পরিবর্তন, ইত্যাদি)
পর্যবেক্ষণ ও অন্বেষণের ভিত্তিতে জ্ঞান প্রকাশ করে	ভাষা, অঙ্কন, রোল-প্লে এবং লেখা ব্যবহার করে

প্রযুক্তি	
তথ্যে অভিগম্যতা পেতে এবং দক্ষতা জোরদার করার জন্য নানা প্রযুক্তির উপর মৌলিক জ্ঞান প্রদর্শন করে	মাউস. কীবোর্ড, প্রিন্টার, মাল্টিমিডিয়া উপকরণ এবং ইয়ারফোনের সঠিক ব্যবহার প্রদর্শন করে; মাল্টিমিডিয়া আয়োজন যেমন ইন্টারঅ্যাকটিভ বই এবং সফটওয়্যার ব্যবহার করে; যন্ত্র এবং আয়োজনের দায়িত্বপূর্ণ ব্যবহার প্রদর্শন করে এবং বোঝে

শৈলী, সঙ্গীত, এবং শারীরিক শিক্ষা

শৈলী	
সৃজনশীল ধারণা প্রকাশ করার জন্য নানা ধরণের শৈলী উপকরণ ব্যবহার করে	শৈল্পিক জিনিষ তৈরী করার জন্য রং, মার্কার, ক্রেয়ন, কাঁচি, কাগজ, কাদামাটি ব্যবহার করে
ধারণা সম্পর্কে জ্ঞান প্রদর্শন করে	একটি চিন্তাভাবনা প্রকাশের জন্য রেখা, আকৃতি, রং ব্যবহার করে; বোঝে যে শিল্পীরা রেখা, আকৃতি এবং রং ব্যবহার করে থাকেন
কৌশল ও প্রক্রিয়ার (নানা মাধ্যমে) উপর জ্ঞান প্রদর্শন করে	বোঝে যে প্রতিটি মাধ্যমে নির্দিষ্ট কৌশল এবং প্রক্রিয়া, শৈলীর চিন্তাভাবনা কার্যকরভাবে জানাতে সাহায্য করে
শ্রেণির নিয়মাবলী শ্রদ্ধা করে এবং অনুসরণ করে	শৈলীর উপকরণ যথাযথভাবে ব্যবহারের জন্য শ্রেণিকক্ষের পদ্ধতি জানে; পরিষ্কার করার রুটিন কিভাবে পালাক্রমে গ্রহণ করতে হয়; এবং শৈলীর শব্দভাণ্ডার ব্যবহার করে কিভাবে শৈলী সম্পর্কে কথা বলতে হয়

সঙ্গীত	
গানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে	স্বরের নানা ব্যবহার বোঝে: চাপা স্বর, কথা বলা, গান গাওয়া চেঁচানো; গানের স্বর ব্যবহার করার সামর্থ্য প্রদর্শন করে; বোঝে যে সুরের মধ্যে একটা 'পিচ' অথবা গ্রাম, একটি লাইনের মধ্যে ওঠানামা করায়
নড়াচড়ার মাধ্যমে এবং শ্রেণিকক্ষের যন্ত্র বাজিয়ে ছন্দের কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে	ক্রমাগত তাল বজায় রাখতে সামর্থ্য প্রদর্শন করে; শ্রেণিকক্ষের যথাযথ যন্ত্রগুলিতে যথাযথ কৌশল প্রদর্শন করে
সঙ্গীতের ধারণাগুলি বোঝে	উঁচু/নিচু গ্রাম, নরম/উঁচু গতিশীল, ধীর/দ্রুত লয় প্রদর্শন করে
শ্রেণির নিয়মাবলী শ্রদ্ধা করে এবং অনুসরণ করে	বোঝে যে কিভাবে পালা গ্রহণ করতে হয়; কিভাবে নির্দেশ শুনতে ও পালন করতে হয়; শ্রেণিকক্ষের যন্ত্রগুলিকে কিভাবে শ্রদ্ধার সাথে ব্যবহার করতে হয় এবং যথাযথ পন্থা ব্যবহার করা

শারীরিক শিক্ষা	
মৌলিক নড়াচড়া প্রদর্শন করে	স্নায়বিক এবং অস্নায়বিক দক্ষতা (হাঁটা, স্কিপিং করা, নাচা, ঝাঁপ দেওয়া, দৌড়ানো, লাফানো, মোচড়ানো, বাঁকানো ইত্যাদি) পালন করবার সময় শারীরিক শিক্ষার যন্ত্রের সাথে এবং চোখ-হাত/চোখ পদতলের সমন্বয় করার সময় বিভিন্ন নির্দেশন, প্রচেষ্টা, পথ এবং প্রচেষ্টা প্রদর্শন করে, বয়সোপযোগী নড়াচড়া প্রদর্শন করে
প্রবল শারীরিক কার্যক্রমে অংশগ্রহণ করে	দেহ কিভাবে প্রবল এবং শারীরিক কার্যক্রমের প্রতি প্রতিক্রিয়া করে তা বোঝার জন্য স্বল্পকালীন, মাঝারি থেকে প্রবল শারীরিক কার্যক্রমে অংশগ্রহণ করে
সহযোগিতা প্রদর্শন করে এবং নিজেকে শ্রদ্ধা করে	ক্রীড়াবিদসুলভ সুমনোভাব প্রদর্শন করে; ভাগাভাগি করার সামর্থ্য, সহযোগিতাপূর্ণ হওয়া; শারীরিক কার্যক্রমে নিজের প্রতি এবং অন্যদের প্রতি শ্রদ্ধাশীল এবং নিরাপদ থাকা
শ্রেণির নিয়মাবলী শ্রদ্ধা করে এবং অনুসরণ করে	যন্ত্রপাতির প্রতি শ্রদ্ধা প্রদর্শন করে; নিরাপদ আচরণ; পালা গ্রহণ করা; পূর্ণ বয়স্কদের শোনা; শারীরিক কার্যক্রমের পারিপার্শ্বিকতায় নির্দেশনা অনুসরণ করে

এফএলইএস (সব স্কুল নয়)	
পরিচিতি সামগ্রী থেকে নেওয়া ছোট বাক্যাংশ বোঝে	পরিচিত পরিভাষাগুলির জ্ঞান প্রদর্শন করে। যথাযথ পদক্ষেপের মাধ্যমে প্রতিক্রিয়া জানায়
সাধারণ শুভেচ্ছাগুলি, ভদ্রতার পরিভাষাগুলি এবং শ্রেণিকক্ষের আদেশগুলি বোঝে	সাধারণ শুভেচ্ছাগুলি এবং এক ধাপের আদেশগুলি বোঝে এবং ব্যবহার করে
সাধারণ শব্দগুলি সঠিকভাবে উচ্চারণ করে	সঠিক উচ্চারণ প্রদর্শন করে
সাধারণ শুভেচ্ছাগুলি, বিদায় সম্ভাষণ এবং ভদ্রতার পরিভাষাগুলি প্রদান করে	সাধারণ শুভেচ্ছাগুলি, বিদায় সম্ভাষণ এবং ভদ্রতার পরিভাষাগুলি বোঝে এবং ব্যবহার করে
সহজ, মুখস্থ করা বাক্যাংশ বলতে পারে	পরিচিতি সামগ্রী থেকে নেওয়া সহজ, মুখস্থ করা বাক্যাংশ বলে